

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৫

০৫ এপ্রিল, ২০১৭  
তারিখ :-----  
২২ চৈত্র, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বন্ড/ডিবেঞ্চগরে বিনিয়োগ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ২৮ জানুয়ারি, ২০০৮ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার এর মাধ্যমে কোন ব্যাংক-কোম্পানী তার মোট মূলধনের (Capital Adequacy সংক্রান্ত বিআরপিডি সার্কুলার অনুযায়ী নির্ণীতব্য মোট মূলধন) সর্বোচ্চ ১০% পর্যন্ত কোন কোম্পানীর বন্ড বা ডিবেঞ্চগরে বিনিয়োগ করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল। ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে সংযোজিত নতুন ধারা-২৬ক এর সাথে সামঞ্জস্য আনয়নকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক অন্য কোন কোম্পানীর বন্ড/ডিবেঞ্চগরে বিনিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণীয় হবেঃ-

- কোন ব্যাংক-কোম্পানী তার আদায়কৃত মূলধন, শেয়ার প্রিমিয়াম, সংবিধিবদ্ধ সঞ্চিতি ও রিটেইন্ড আর্নিংস এর মোট পরিমাণের পাঁচ শতাংশের অধিক কোন একটি কোম্পানীর বন্ড বা ডিবেঞ্চগরে বিনিয়োগ করতে পারবে না;
- সংশ্লিষ্ট বন্ড/ডিবেঞ্চগর বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত হতে হবে;
- বন্ড/ডিবেঞ্চগর ইস্যুকারি কোম্পানীর External Credit Rating বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত External Credit Assessment Institution (ECAI) দ্বারা সম্পাদিত হতে হবে। এক্ষেত্রে, বন্ড/ডিবেঞ্চগর ইস্যুকারি কোম্পানীর External Credit Rating বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত Risk Based Capital Adequacy Guidelines এ বর্ণিত BB's Rating Grade অনুযায়ী দীর্ঘ-মেয়াদে (Long Term) সর্বনিম্ন '২' ও স্বল্প-মেয়াদে (Short Term) সর্বনিম্ন 'S2' হতে হবে; এবং
- কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক কোন কোম্পানীর বন্ড/ডিবেঞ্চগরে বিনিয়োগের ক্ষেত্রে ১৬ জানুয়ারি, ২০১৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০২ এ বর্ণিত Single Borrower Exposure Limit সংক্রান্ত নির্দেশনা প্রযোজ্য হবে।

তবে, কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক ইস্যুকৃত সাব-ডেট ইন্সট্রুমেন্ট (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এবং ব্যাংকের Tier 2 মূলধনে বিবেচনাযোগ্য ইন্সট্রুমেন্ট) এ বিনিয়োগের ক্ষেত্রে অত্র সার্কুলারে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে না। অত্র সার্কুলার জারির তারিখে কোন ব্যাংক কর্তৃক ধারণকৃত কোন বন্ড/ডিবেঞ্চগর এর পরিমাণ উপরে 'ক' অনুচ্ছেদে বর্ণিত সীমার বেশী হলে তা মেয়াদপূর্তি পর্যন্ত ধারণ করা যাবে। তবে, মেয়াদপূর্তির পর নগদায়নের মাধ্যমে বন্ড/ডিবেঞ্চগর এ বিনিয়োগ সীমা পাঁচ শতাংশের মধ্যে সীমিত রাখতে হবে।

বিআরপিডি সার্কুলার নং-০১; তারিখ ২৮ জানুয়ারি, ২০০৮ এতদ্বারা রহিত করা হলো।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২